# ST. LAWRENCE HIGH SCHOOL

**Term: First** **Class: 3 A & C**

**Subject: Bengali Text F.M.:45 Date: 21st April 2018**

## 'ক' বিভাগ – ১০

১. একটি বাক্যে উত্তর দাওঃ- ১X৪

ক। বেনারসের অন্য নাম কী?

খ। রবি আমাদের কী দেয়?

গ। ঋষিকুমারেরা কার কাছে বেদ পড়ত?

ঘ। তালগাছের ডানা কোনগুলো?

ঙ। বিপরীত শব্দ লেখ :- রাত , দাঁড়িয়ে ১X২

চ। শব্দের অর্থ লেখ :- শোভা , সাধ ১X২

ছ। বাক্য রচনা কর :- অঞ্জলি , কুচকুচে ১X২

## 'খ' বিভাগ – ১৫

সংক্ষিপ্ত উত্তর দাও :-

২। ঋষিকুমারেরা কণ্বের কাছে কী শুনত? তারা শকুন্তলাকে কোথায় কুড়িয়ে পেয়েছিল? ৩

৩। বেনারসে কীসের উৎপাত ছিল? সেই উৎপাত ঠেকাতে সেখানকার লোকেরা কী করত? ৩

৪। প্রজাপতির পাখা ইন্দ্রধনুর মতো কেন? ৩

৫। "তারাদের এড়িয়ে

যেন কোথা যাবে ও"

– কার কথা বলা হয়েছে? সে তারাদের এড়িয়ে যেতে চাইছে কেন? ১+২=৩

৬। প্রজাপতিদের কোথায় দেখতে ভালো লাগে? কেন? ১+২=৩

## 'গ ' বিভাগ - ২০

৭। "তালগাছ" কবিতাটি কবির নাম সহ প্রথম স্তবকটি লেখ । ১+৪=৫

৮। 'এমন সময় হাঁচড় পাঁচড় করে ওই উঁচু পাঁচিল টপকে একটা হনুমান এসে হাজির' ----- কোন গল্প থেকে নেওয়া হয়েছে? লেখিকার নাম কী? হনুমানটা এসে কী করল ? ১+১+৩=৫

৯। মালিনী নদী কোথায় বয়ে চলেছে ? এই নদীর জলে কীসের কীসের ছায়া দেখা যেত? ২+৩=৫

১০। কবির মতে প্রজাপতির এত সুন্দর সাজ কে দিয়েছেন ? তিনি আমাদের আর কী কী দিয়েছেন তোমার নিজের ভাষায় কবির বক্তব্য বুঝিয়ে দাও । ১+৪=৫

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

# ST. LAWRENCE HIGH SCHOOL
## (A Jesuit Christian Minority Institution)

FOR GOD AND COUNTRY

## 1st Terminal Test – 2018

**Sub : Bengali Text** **Class : 3 A & C** **F.M. : 45**

**Duration: 1 hrs 20 mins.** **Date: 21.4.2018**

**Model Answers**

'ক' বিভাগ (১০)

১। (ক) বেনারসের অন্য নাম কাশী। (খ) রবি আমাদের আলো দেয়।

(গ) ঋষিকুমারেরা মহর্ষি কণ্বের কাছে বেদ পড়ত।

(ঘ) তালগাছের গোল গোল পাতাগুলোই হল তার ডানা।

(ঙ) বিপরীত শব্দ: রাত – দিন , দাঁড়িয়ে – বসে

(চ) অর্থ: শোভা – বাহার , সাধ – ইচ্ছা

(ছ) বাক্য রচনা: অঞ্জলি , কুচকুচে (নিজে লেখ)

'খ' বিভাগ (১৫)

২। ঋষিকুমারেরা কণ্বের কাছে মধুর সামবেদের গান শুনত।

ঋষিবালকেরা বনে বনে ফল ফুল কুড়োতে গিয়ে ফুলের বনে পাখিদের মাঝে ফুলের মত সুন্দর শকুন্তলাকে কুড়িয়ে পেয়িছল। ১+২=৩

৩। বেনারসে কালামুখো হনুমানদের উৎপাত ছিল।

সেই উৎপাত ঠেকাতে সেখানকার লোকেরা জানালায় শিক লাগাত। জাল দিয়ে উঠোন মুড়ে দিত। ৩

৪। প্রজাপতির পাখায় অনেক রঙ থাকে। রামধনুতে সাতটি রঙ দেখা যায়। প্রজাপতির পাখায় বিভিন্ন রঙ থাকে তাই ইন্দ্রধনুর মতো লাগে। ৩

৫। এখানে তালগাছের কথা বলা হয়েছে। আকাশের গায়ে তারারা অনেক দূরে থাকে। তালগাছ তাদের থেকেও অনেক দূরে যেতে চায়। তাই সে তারাদের এড়িয়ে যেতে চায়। ১+২=৩

৬। প্রজাপতিদের ফুলের মাঝে দেখতে ভালো লাগে। বিভিন্ন ফুলের বিভিন্ন রঙ। প্রজাপতিরও রঙের

অনেক বাহার। তাই রঙবেরঙের মাঝে দেখতে ভালো লাগে। ৩

'গ' বিভাগ (২০)

৭। তালগাছ // রবীন্দ্রনাথ ঠাকুর

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
একেবারে উড়ে যায়
কোথা পাবে পাখা সে। ১+৪=৫

৮। উপরের লাইনটি 'বাঁদরের সন্তানস্নেহ' – গল্প থেকে নেওয়া হয়েছে। লেখিকার নাম লীলা মজুমদার। হাঁচড় পাঁচড় করে হনুমানটা এসে পিসিমার পায়ের কাছে কচি একটা ন্যাড়া মতন ছানা ফেলে দিয়ে নিমেষে হাওয়া হয়ে গেল। ১+১+৩=৫

৯। নিবিড় অরন্যের একপাশ দিয়ে মালিনী নদী বয়ে চলেছে। মালিনীর জলে গাছের ছায়া, নীল আকাশের ছায়া, রাঙা মেঘের ছায়া সকলই দেখা যেত। আর দেখা যেত গাছের তলায় কতকগুলি কুটিরের ছায়া। ১+৪=৫

১০। কবির মতে প্রজাপতির এত সুন্দর সাজ দিয়েছেন আমাদের সৃষ্টিকর্তা। তিনি আমাদের শরীর, মন ও বুদ্ধি দিয়েছেন। আর দিয়েছেন আমাদের বেঁচে থাকার জন্য এই পৃথিবী। পৃথিবীর সব জিনিস আর আমাদের আত্মীয় স্বজন যারা আমাদের খুব প্রিয়। ১+৪=৫

XXXXXXXXXXXXXXXXXXXXX

Manashi Chaudhuri
21.12.18